রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৩০, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং-২৪৪–আইন/২০১০/৫৬৪-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার –

(১) সর্বত্র, 'ফরম'সহ, "সুপারিনটেনডেন্ট" শব্দের পরিবর্তে "রাজস্ব কর্মকর্তা" শব্দগুলি এবং "সুপারিনটেনডেন্টের" শব্দের পরিবর্তে "রাজস্ব কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ২ এর উপ-বিধি (২) এর শেষ প্রান্তস্থিত সেমিকোলনের পরিবর্তে দাড়ি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৩ এর উপ-বিধি (১ঘ) এবং (১ঙ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১ঘ) এবং (১ঙ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১ঘ) আইনের ধারা ৫ এর উদ্দেশ্য পূরণকল্পে, কোন প্রস্তুতকারক বা উৎপাদক তৎকর্তৃক উৎপাদিত পণ্যের মোড়কে সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে খুচরা বিক্রয় মূল্য মুদ্রিত থাকিলে, স্বেচ্ছায় ফরম "মূসক-১ঘ" তে বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে ঘোষণা দাখিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে উৎপাদন পর্যায়ের মূসক আরোপযোগ্য মূল্য খুচরা বিক্রয় মূল্যের দুই-তৃতীয়াংশের কম হইতে পারিবে না।

মূল্য ঃ টাকা ২৮.০০

(১ঙ) কোন পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক উপ-বিধি (১ঘ) এর বিধান অনুযায়ী বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে খুচরা বিক্রয় মূল্য সম্বলিত পণ্যের মোড়কসহ ফরম 'মূসক-১ঘ' তে ঘোষণা প্রদান করিলে, উক্ত কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে, উক্তরূপ ঘোষণা প্রদানের তারিখ হইতে উহা কার্যকর হইবে।";

(৪) বিধি ১৫ এর-

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(২) প্রয়োজনীয় অনুসন্ধানের পর রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সুপারিশের ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তা যদি যুক্তিসঙ্গত কারণে সন্তুষ্ট হন যে, কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি ব্যবসায় কার্যক্রম পরিচালনা করিতেছেন না বা উক্ত ব্যক্তির আর নিবন্ধিত বা তালিকাভুক্ত থাকার বাধ্যবাধকতা নাই, তাহা হইলে তিনি নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির নিবন্ধন বা তালিকাভুক্তি নম্বর, যুক্তিসঙ্গত সময়ের ব্যবধানে ২(দুই) বার নোটিশ প্রদানপূর্বক, বাতিল করিতে পারিবেন ;";

(খ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩) এবং (৪) সন্নিবেশিত হইবে, যথা:-

"(৩) উপ-বিধি (২) এর অধীন কোন ব্যক্তির নিবন্ধন বা তালিকাভুক্তি বাতিল করা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি হিসেবে সকল কার্যক্রম অনতিবিলম্বে বন্ধ করিবেন এবং এই আইনের অধীনে জারিকৃত সকল দলিলাদির ব্যবহার বন্ধ করিবেন।

(৪) উপ-বিধি (২) এর অধীন নিবন্ধন বা তালিকাভুক্তি বাতিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল প্রদেয় কর বকেয়া (যদি থাকে), পরিশোধপূর্বক সংশ্লিষ্ট ব্যক্তিকে একটি চূড়ান্ত দাখিলপত্র পেশ করিতে হইবে।"

(৫) বিধি ১৮ঘ এর পর নিম্নরূপ নূতন বিধি ১৮ঙ সন্নিবেশিত হইবে, যথা:-

"**১৮ঙ। বিবিধ ফি, রয়ালটি, চার্জ, ইত্যাদি ক্ষেত্রে উৎসে মূল্য সংযোজন কর কর্তন।**- (১) সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আপাততঃ বলবৎ কোন আইনের অধীন-

(ক) লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিট প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমূদয় অর্থের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন করিতে হইবে;

(খ) প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বন্টন (revenue sharing), রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমূদয় অর্থের উপর উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত বা প্রাপ্য পণ এর উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন করিতে হইবে।

(২) পানি, বিদ্যুৎ, গ্যাস এবং টেলিফোন সংযোগ প্রদানকালে সংশ্লিষ্ট সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠান উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমূদয় অর্থের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন করিবে।

(৬) বিধি ২২ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) তে উল্লিখিত "মূল্য সংযোজন করের ক্ষেত্রে, ১/১১৩৩/০০০০/০৩১১ এবং পণ্যের উপর সম্পূরক শুল্কের ক্ষেত্রে, ১/১১৩৩/০০০০/০৭১১ এবং সেবার উপর সম্পূরক শুল্কের ক্ষেত্রে ১/১১৩৩/০০০০/০৭২১ খাতে" শব্দ, চিহ্ন ও সংখ্যাগুলি বিলুপ্ত হইবে।

(৭) বিধি ২৩ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১) যে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে আইনের ধারা ৩ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ধারা ৩ ও ধারা ৭ অনুযায়ী প্রদেয় কর অথবা অন্য যে কোন সরকারী পাওনা, যথাক্রমে বিধি ২২ এ বর্ণিত চলতি হিসাবে সমন্বয় এবং বিধি ২৪ এর উপ-বিধি (৩) এ বর্ণিত দাখিলপত্র পেশ করার পূর্বে সংশ্লিষ্ট কর মেয়াদে প্রদেয় উৎপাদ কর বা অন্য যে কোন সরকারী পাওনা হইতে রেয়াতযোগ্য উপকরণ কর বাদ দিয়া নীট পরিমাণ অর্থ ট্রেজারীতে জমা প্রদানপূর্বক পরিশোধ করিতে হইবে।";

(৮) বিধি ২৫ এর-

(ক) উপ-বিধি (১) এর "ইন্সপেক্টর" শব্দের পরিবর্তে "সহকারী রাজস্ব কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৪) এ উল্লিখিত "ইন্সপেক্টর" শব্দের পরিবর্তে "সহকারী রাজস্ব কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৯) বিধি ২৭ এর উপ-বিধি (২) এর "ইন্সপেক্টর" শব্দের পরিবর্তে "সহকারী রাজস্ব কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১০) বিধি ৩১ক এর উপ-বিধি (১) এ উল্লিখিত "৩১" সংখ্যাটির পরিবর্তে "৩" সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে ;

(১১) বিধি ৩৪খ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) চলতি হিসাব সংরক্ষণের বাধ্যবাধকতা নাই এমন কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক কোন কর মেয়াদের দাখিলপত্রে সকল পাওনা সমন্বয়ের পরও তাহার নীট প্রদেয় কর ঋণাত্মক হইলে, তিনি অবশিষ্ট পাওনা পরবর্তী কর মেয়াদের প্রদেয় করের সাথে সমন্বয়ের সুযোগ পাইবেন।"

(১২) ফরম "মূসক-১ঘ" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১ঘ" প্রতিস্থাপিত হইবে, যথা: -

"মূসক-১ঘ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

পণ্যের গায়ে/ধারকে/পাত্রে/মোড়কে মুদ্রিত খুচরা মূল্যের ক্ষেত্রে মূল্য ঘোষণা

[বিধি- ৩ দ্রষ্টব্য]

নিবন্ধিত ব্যক্তির
নামঃ
ঠিকানাঃ
নিবন্ধন নম্বরঃ

মূল্য ঘোষণার নং..........................
টেলিফোন নং..........................
ফ্যাক্স নং..........................

ক্রমিক নং	পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের নাম ও বিবরণ	সরবরাহ বা বিক্রয়ের একক	উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের নাম	প্রতি একক পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের পরিমাণ (অবচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদা উল্লেখ করিতে হইবে)	গায়ে/ধারকে/ মোড়কে মুদ্রিত মূল্য	উৎপাদনকারী কর্তৃক নির্ধারিত মূসক আরোপযোগ্য মূল্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে,

(১) উপরে বর্ণিত সকল তথ্য সত্য ও নির্ভুল এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার হেফাজতে আছে;

(২) উৎপাদন পর্যায়ে মূসক আরোপযোগ্য মূল্য উপরে বর্ণিত পণ্যের গায়ে/ধারকে/মোড়কে মুদ্রিত মূল্যের দুই-তৃতীয়াংশের কম নয়;

(৩) উল্লিখিত বিধিমালার বিধি (৩) এ বর্ণিত পরিস্থিতির আলোকে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোন তদন্তে বা জরিপে উপরি-উক্ত ঘোষিত মূল্য অসংগতিপূর্ণ বা কম প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যভিত্তি অনুযায়ী ঘোষণা প্রদানের তারিখ হইতে কর প্রদানে আমি বাধ্য থাকিব।

তারিখঃ

নিবন্ধিত ব্যক্তি বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর";

(১৩) ফরম "মূসক-২খ" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-২খ" প্রতিস্থাপিত হইবে, যথা:-

"মূসক-২খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

টার্ণওভার সংক্রান্ত বার্ষিক ঘোষণা

[বিধি ৪(২ক) দ্রষ্টব্য]

(প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ দাখিলযোগ্য)

(১) আবেনকারীর নামঃ

(২) প্রতিষ্ঠানের নামঃ

(৩) পূর্ণ ব্যবসায়িক ঠিকানাঃ
(টেলিফোন নম্বর সহ)

(৪) আবেদনকারীর স্থায়ী ঠিকানা
(টেলিফোন নম্বর সহ)

(৫) টার্ণওভার তালিকাভুক্তির সংখ্যাঃ

(৬) কার্যক্রমের কোডঃ

(৭) এলাকা কোডঃ

(৮) তালিকাভুক্তির তারিখঃ

(৯) টার্ণওভার নির্ধারণের ছক ঃ

উৎপাদিত পণ্য বা পণ্য সমূহের নাম	পণ্যের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ সমূহের নাম	একক পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের মোট পরিমাণ (বক্তনীতে অপচয়ের পরিমাণ উল্লেখ করিতে হইবে)	একক পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের সর্বমোট মূল্য	প্রতি একক পণ্য উৎপাদনে সাথে সম্পৃক্ত অন্যান্য ব্যয় (পরিবহণ ব্যয়, পণ্যাগার ভাড়া, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ইত্যাদি বাবদ ব্যয়, ব্যাংক ও বীমা খরচ, কমিশন, বেতন, মুনাফা ইত্যাদি)	পূর্ববর্তী বছরের অন্যান্য সকল ব্যয় (পরিবহণ ব্যয়, পণ্যাগার ভাড়া, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ইত্যাদি বাবদ ব্যয়, ব্যাংক ও বীমা খরচ, কমিশন, বেতন, মুনাফা ইত্যাদি)	উৎপাদন ক্ষমতা (প্রতি ঘন্টায়)	বার্ষিক উৎপাদন ক্ষমতা (কলাম ৮×৮ ঘন্টা ×৩০০ দিন)	প্রাক্কলিত বার্ষিক টার্ণওভার [(কলাম ৫+ কলাম ৬)×৯]
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

(১০) বর্তমান বৎসর ( ) এর টার্ণওভার (প্রাক্কলিত)ঃ

(১১) পূর্ববর্তী বৎসরের ঘোষিত টার্ণওভারঃ

(১২) পূর্ববর্তী বৎসরের প্রকৃত টার্ণওভারঃ

(১৩) পূর্ববর্তী বৎসরের প্রদত্ত করের পরিমাণঃ

(১৪) নির্বাচিত কর প্রদান পদ্ধতি ঃ (যে কোন একটিতে (√) চিহ্ন দিতে হইবে

(ক) বার্ষিক এককালীন ☐ ত্রৈমাসিক ☐ মাসিক ☐

(খ) প্রদেয় করের পরিমাণঃ

(১৫) টি আই এন (যদি থাকে) ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐

(১৬) জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য ও নির্ভুল।

তাং ....আবেদনকারীর স্বাক্ষর

[বিভাগীয় কর্মকর্তা পূরণ করিবে]

প্রদত্ত ঘোষণায় কোন আপত্তি নাই বিধায় প্রথম অনুলিপি গৃহীত হইল এবং দ্বিতীয় অনুলিপি তালিকাভুক্ত ব্যক্তিকে ফেরৎ প্রদান করা করা হইল।

[বিভাগীয় কর্মকর্তা]";

(১৪) ফরম "মূসক-৬" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-৬" প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"মূসক-৬

"Government of the Peoples' Republic of Bangladesh
National Board of Revenue
Application Form for Registration/Enlistment
(VAT/ Turnover Tax/ Cottage Industry)

Two Copies of attested Photograph of the Chairman/ Managing Director/ Proprietor and Authorised Signatory

1. Name of Organization / Individual

2. Type of Organization **[Use Tick mark]**

	Corporate (private)		Corporate (public)		Partnership		Proprietorship

3. Name of Corporate or Group (if applicable)

4. Business Address

Phone										Fax									
E-mail Address																			

5. Factory Address

Phone										Fax									
E-mail Address																			

6. Head Office Address (if any)

Phone										Fax									
E-mail Address																			

7. Permanent Address of the Chairman/Managing Director/Directors/Proprietor

Phone										Fax									
E-mail Address																			

(If needed, please use separate sheet)

8. Bank Account No. of Company/Proprietor

A/C No.											
Bank Name											
Branch Name					Address						

(If needed, please use separate sheet)

9. Subsidiary Units (if any)

Sl. No.	Name	Address	BIN

10. Taxpayer Classification [*Use Tick mark (√) where applicable*]

Tax Category		Taxpayer Type		***Other Information***
VAT		Supplier (Manufacturer)		Trade License No. :: Authority :: Fiscal Year ::
		Supplier (Trader)		
Turnover Tax (Yearly/Quarterly/ Monthly)		Service Renderer		Import Reg. No. :: (Put an 'X' if exempted)
Cottage Industry		Importer		Export Reg. No. :: (Put an 'X' if exempted)
Other		Exporter		

11. Type of Registration: Unit ☐ Central (Franchise) ☐

12. TIN of the Chairman/Managing Director/Directors/Proprietor:

			-				-				

(If needed, please use separate sheet)

12a. TIN of the Company (if any):

			-				-				

13. Previous Registration/Enlistment Number (if any)

			-				-				

(If needed, please use separate sheet)

14. National ID Number of the Chairman/Managing Director/Directors/Proprietor:

(If needed, please use separate sheet)

15. Item(s) to be produced and/or traded / Service(s) to be rendered :

Name	**H. S. Code / Service Code**	**Probable yearly Turnover**

(If needed, please use separate sheet)

General Instructions

1. Application form must be filled in capital letters.
2. Registration Number (BIN #) cannot be allotted unless this application form is properly filled in.

I hereby declare that the information furnished above is true and complete.

Position / Title	Name
Date	Signature

For Official Use Only

To be filled at the Issuing Office																						
Status of Application		New		Change		Close	BIN															
Effective Date of Registration			/		/																	
Activity Code																						
Application Category		Mandatory		Optional		Forced																
Circle Code:																						

Seal of the Office	Name /Designation of Authorized Officer
Date	Signature

আবেদনকারীর জন্য নির্দেশনা -

ক্রমিক নম্বর	পূরণের বিষয়	পূরণের নির্দেশিকা
১.	Name of organization/ individual	ব্যবসায় প্রতিষ্ঠানের পূর্ণ নাম লিখিতে হইবে।
৩.	Name of Corporate/ group (if applicable)	প্রতিষ্ঠানটি যদি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ হয় তবে উক্ত কর্পোরেট অথবা গ্রুপের নাম স্পষ্টভাবে লিখিতে হইবে।
৪.	Business Address	যে স্থানে করযোগ্য কার্যক্রম তথা ব্যবসায় পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা, ই-মেইল এ্যাড্রেস এবং টেলিফোন/ ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ী বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্টকোড উল্লেখ করিতে হইবে।
৫.	Factory Address	যে স্থানে পণ্যের উৎপাদন কার্যক্রম পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা, ই-মেইল এ্যাড্রেস এবং টেলিফোন/ ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ী বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্টকোড উল্লেখ করিতে হইবে।
৬.	Head Office Address	যদি প্রতিষ্ঠানটি একক মালিকানাধীন হয় তবে করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা ব্যবসায়ীর স্থায়ী ঠিকানা, ই-মেইল এ্যাড্রেস এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায় গ্রুপ হইয়া থাকে, তাহা হইলে প্রতিষ্ঠানটির মূল তথা রেজিষ্টার্ড অফিসের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে।
৭.	Permanent Address	প্রতিষ্ঠানটি ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী হলে মালিকের স্থায়ী ঠিকানা যেমনঃ গ্রাম, উপজেলা, ডাকঘর, জেলা এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান/এমডি/ইডি/ডাইরেক্টরগণের স্থায়ী ঠিকানা যেমনঃ গ্রাম, উপজেলা, ডাকঘর ও জেলা উল্লেখ করিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
৮.	Bank Account No.	ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী প্রতিষ্ঠান হলে মালিক ও অংশীদারগণের এবং লিমিটেড কোম্পানী হলে কোম্পানীর তালিকাভুক্ত ব্যাংক বা ব্যাংকসমূহের হিসাব নম্বর উল্লেখ করিতে হইবে। একাধিক ব্যাংক একাউন্ট থাকিলে তাহা আলাদা কাগজে লিপিবদ্ধ করিতে হইবে।

ক্রমিক নম্বর	পূরণের বিষয়	পূরণের নির্দেশিকা
৯.	Subsidiary Units	একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত মালিক আরও যে সকল প্রতিষ্ঠানের মালিক সেই সকল প্রতিষ্ঠানের, প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালকবৃন্দের মালিকানাধীন/অংশীদারিত্বের সকল প্রতিষ্ঠানের এবং কর্পোরেট বা পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে উক্ত কোম্পানীর মালিকানাধীন সকল প্রতিষ্ঠানের তথ্য প্রদান করিতে হইবে। প্রয়োজনে আলাদা শীট ব্যবহার করা যাইবে।
১০.	Taxpayer Classification	Tax Category এর ডান পাশে একটি (√) চিহ্ন ও Taxpayer Type- এর ডান পাশে এক বা একাধিক(√) চিহ্ন দিন। ট্রেড লাইসেন্স নম্বর ও অর্থবছর অবশ্যই লিখিতে হইবে। আমদানী বা রপ্তানী রেজিস্ট্রেশন হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে রেজিস্ট্রেশন নম্বরের ডান পাশে একটি (×) চিহ্ন দিতে হইবে।
১২.	TIN	করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা করযোগ্য প্রতিষ্ঠানের চেয়ারম্যান/এমডি/ইডি/ডাইরেক্টরগণের আয়কর বিভাগ প্রদত্ত ব্যক্তি শ্রেণীর TIN উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রহিয়াছে, এক একটি ঘরে এক একটি সংখ্যা লিখিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
১২এ.	TIN	করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা করযোগ্য প্রতিষ্ঠানের আয়কর বিভাগ প্রদত্ত TIN উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রহিয়াছে, এক একটি ঘরে এক একটি সংখ্যা লিখিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
১৪.	National ID Number	প্রতিষ্ঠানটি ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী হলে মালিকের জাতীয় পরিচয়পত্র নম্বর এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান/এমডি/ইডি/ডাইরেক্টরগণের জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
১৫.	Item(s) to be produced and/or traded / Service(s) to be rendered :	আবেদনকারী যে পণ্য উৎপাদন করেন বা যে পণ্যের ব্যবসায় করিয়া থাকেন অথবা যে সেবা প্রদান করিয়া থাকেন তাহা উল্লেখ করিতে হইবে। টেবিলের ডান পার্শ্বে "Probable Yearly Turnover" ঘরে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার বিপরীতে প্রাপ্ত/প্রাপ্য মোট বার্ষিক বিক্রয়ের পরিমাণ লিখিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।

";

(১৫) ফরম "মূসক-১২খ" এর শেষাংশে "বিশেষ দ্রষ্টব্য" শিরোনামাধীন নির্দেশনাগুলির পরিবর্তে নিম্নরূপ নির্দেশনাগুলি প্রতিস্থাপিত হইবে, যথা:-

"বিশেষ দ্রষ্টব্যঃ

১। * চিহ্নিত স্থানে পণ্য বা সেবা সরবরাহকারী যে কমিশনারেটের অধীন নিবন্ধিত সেই কমিশনারেটের নাম লিপিবদ্ধ করিতে হইবে। মূসক নিবন্ধন নম্বরের প্রথম সংখ্যা হইতে কমিশনারেটের নাম চিহ্নিত করা যায়, যথা: ঢাকা (উত্তর) এর জন্য ৫, ঢাকা (দক্ষিণ) এর জন্য ৯, চট্টগ্রাম এর জন্য ২, খুলনা এর জন্য ৩, যশোর এর জন্য ৪, রাজশাহী ৬ এবং সিলেট এর জন্য ৭ ব্যবহৃত হয়।

২। উৎসে কর্তিত কর মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮খ অনুযায়ী মাসিক দাখিলপত্রের মাধ্যমে সমন্বয় করা যাইবে।";

(১৬) ফরম "মূসক-১৪" ও ফরম "মূসক-১৪ক" বিলুপ্ত হইবে।

(১৭) ফরম "মূসক-১৯" এ উল্লিখিত "ইন্সপেক্টর" শব্দের পরিবর্তে "সহকারী রাজস্ব কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ড. মোঃ সহিদুল ইসলাম]
প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)